# অংশগ্রহণকারীর তথ্য নির্দেশিকা

**১৫ই মার্চ প্রকল্প: প্রভাব এবং উত্তরণ**

স্থান: ওটাগো বিশ্ববিদ্যালয় (ক্রাইস্টচার্চ) নৈতিক নীতিমালা সূত্র: ১৯/NTA/১৪৭

প্রকল্প প্রধান: ড. ক্যারোলিন বেল যোগাযোগের ফোন নম্বর: ০৩৩৭২৬৭০০

# السلام عليكم

আপনাকে ১৫ই মার্চের সন্ত্রাসী হামলার প্রভাব সংক্রান্ত একটি প্রকল্পে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। এটি আমাদেরকে ক্রাইস্টচার্চ মুসলিম কমিউনিটির উপর হামলার প্রভাব কেমন হয়েছে তা বুঝতে সাহায্য করবে।

আপনি এই গবেষণায় অংশগ্রহণের জন্য আমন্ত্রিত কারণ;

- ১৫ই মার্চ আপনি বা আপনার পরিবারের কেউ দুইটি মসজিদের যে কোনো একটির নিকটে উপস্থিত ছিলেন।
- আপনি একজন *শহীদ* বা শারীরিকভাবে ক্ষতিগ্রস্থ পরিবারের নিকটতম সদস্য।
- আপনি ক্রাইস্টচার্চ মুসলিম কমিউনিটির একজন সদস্য যিনি ঘটনার সময় বা পরবর্তীতে ক্রাইস্টচার্চে ছিলেন এবং বর্তমানে কেন্টারবেরিতে বসবাস করছেন।

এই তথ্য নির্দেশিকা এই প্রকল্পে আপনি অংশ নিতে চান কিনা সেই সিদ্ধান্ত নিতে সহায়তা করবে। এটি আপনাকে অবগত করবে কেন আমরা এই গবেষণা করছি, আপনার অংশগ্রহণে কী কী যুক্ত করবে, আপনার জন্য সহায়ক কী কী সুবিধা এবং সম্ভাব্য ঝুঁকি থাকতে পারে এবং গবেষণা শেষ হবার পরে কী হবে।

আপনি যদি এই প্রকল্পে অংশ নিতে সম্মত হন তবে আপনার সম্মতি নেয়া হবে। আপনাকে অংশগ্রহণকারীর তথ্য নির্দেশিকা এবং সম্মতি পত্র উভয়েরই একটি অনুলিপি দেওয়া হবে।

আপনি সমস্ত পৃষ্ঠা পড়েছেন এবং বুঝতে পেরেছেন তা নিশ্চিত করুন। যদি কোনো প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে জিজ্ঞেস করুন।

## এই প্রকল্পের উদ্দেশ্য কী ??

দীর্ঘ মেয়াদী এই প্রকল্পের প্রথম পর্যায় হচ্ছে ১৫ই মার্চ সন্ত্রাসী হামলা পরবর্তী প্রতিক্রিয়া জানা এবং একই সাথে লোকজন কিভাবে এই পরিস্থিতি মোকাবেলা করছে তা অন্বেষণ করা। আমরা বিভিন্ন পদ্ধতি ব্যবহার করে সামাজিক, মানসিক, ধর্ম এবং কোবিড -১৯ সংক্রান্ত বিষয়াদির মূল্যায়ণ করবো। সাক্ষাৎকার সংক্রান্ত কোনো কারণে যদি অংশগ্রহণকারী বা গবেষক নার্সরা আরো সহায়তার প্রয়োজন আছে বলে শনাক্ত করে তাহলে যথাযথ সহযোগিতা দেয়ার ব্যবস্থা করা হবে।

## আমরা আশা করছি, সাক্ষাৎকার গ্রহণের পর্বটি ২০২১ সালের শেষ পর্যন্ত চলমান থাকবে।

এই প্রকল্পটি ক্রাইস্টচার্চের ওটাগো বিশ্ববিদ্যালয়ের সাইকোলজিকাল মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ক্যারোলিন বেল, ড. রুকাইয়া সুলায়মান-হিল, অধ্যাপক রিচার্ড পোর্টার, ড. বেন বাগেলহোল, অধ্যাপক জোসেফ বোডেন, এবং ড. শায়েস্তা দ্বীন এবং ক্যান্টারবেরি বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য বিজ্ঞান বিভাগের অধ্যাপক ফিলিপ শূলটার পরিচালনা করছেন। এটি নিউজিল্যান্ডের স্বাস্থ্য গবেষণা কাউন্সিল এবং কেন্টারবেরি মেডিকেল হেলথ ফাউন্ডেশনের অনুদান দ্বারা অর্থায়িত হয়েছে।

প্রকল্পটি স্বাস্থ্য ও প্রতিবন্ধী নৈতিকতা কমিটির (এইচডিইসি) কাছ থেকে নৈতিক অনুমোদন পেয়েছে (Ref: ১৯/NTA/১৪৭)।

## এই প্রকল্পে আমার সম্পৃক্ততা কিভাবে হবে?

যদি আপনি এই প্রকল্পে অংশ নিতে সম্মত হন তবে আপনি যে স্থানে নিরাপদ এবং স্বাচ্ছন্দ্য বোধ করেন এমন জায়গায় আমাদের একটি মুসলিম গবেষক দল (অথবা আপনি অমুসলিম সাক্ষাৎকার গ্রহণকারীও পছন্দ করতে পারেন) এবং গবেষক নার্স দ্বারা পরিচালিত একটি সাক্ষাৎকার নেয়া হবে। আমরা এটাও নিশ্চিত করতে চাই যে সাক্ষাৎকারগ্রহণকারী আপনার পছন্দের কোনো একটি ভাষায় কথা বলতে পারেন। সাক্ষাৎকারটি প্রায় **দুই ঘন্টা** চলবে।

**আমরা আপনাকে এটাও আশ্বস্থ করতে চাই যে ১৫ই মার্চ সন্ত্রাসী হামলার ঘটনাটি আপনাকে বিশদভাবে বর্ণনা করতে বলা হবেনা।**

সাক্ষাৎকার গ্রহণের সময় আপনি কিভাবে আপনার মনস্তাত্ত্বিক এবং শারীরিক স্বাস্থ্য সম্পর্কিত বিষয়গুলোর সাথে মোকাবেলা করে যাচ্ছেন সে সম্পর্কে একটি প্রশ্নমালা আপনাকে সম্পন্ন করতে হবে। আপনার সহায়ক ক্ষেত্রসমূহ, ধর্মীয় এবং কোবিড -১৯ সংক্রান্ত বিষয়াদি মোকাবেলার পদ্ধতিগুলো এবং আপনার নিজের ও পরিবার সম্পর্কে সাধারণ প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। একটি ক্লিনিক্যাল উপাদান দ্বারা একজন নার্স কিছু প্রশ্নের মাধ্যমে আপনার অবস্থা বুঝার চেষ্টা করবে।

আমরা আপনার শারীরিক স্বাস্থ্যের উপর সম্ভব্য প্রভাবগুলি এবং এই প্রভাবগুলির সাথে যে পরিবর্তন হয়েছে বা হতে পারে তা বুঝতে চাই। এটি করার জন্য আমরা আপনার মৌলিক

স্বাস্থ্যক্রমিক বা আপনার জাতীয় স্বাস্থ্য সারণি ব্যবহার করার জন্য আপনার সম্মতি জানতে চাইবো যাতে আপনি ১৫ই মার্চের আগের ৫ বছর এবং ১৫ই মার্চে পরে কতবার স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থার কাছে গেছেন, তার একটি তুলনামূলক চিত্র বিশ্লেষণ করার জন্য (এটা শুধু স্বাস্থসেবা প্রদানকারী সংস্থাগুলোর কাছে যাওয়ার সংখ্যাটা জানার জন্য, এতে যাওয়ার কারণগুলো উল্লেখ করা থাকবেনা)। আপনি এই সম্মতিপত্র থেকে নিজেকে যেকোনো সময় প্রত্যাহার করতে পারবেন (এই ফর্মের শেষে এই তথ্যটি দেয়া আছে)।

আপনাকে এটাও জিজ্ঞাসা করা হবে যে আমাদের গবেষক দল ১৫ই মার্চের দীর্ঘমেয়াদী প্রভাব জানার জন্য আপনার সাথে পরবর্তী সময়ে দেখা করতে পারবে কিনা।

## কোবিড ১৯ এর কারণে জুম্ সফটওয়ারের মাধ্যমে অনলাইন সাক্ষাৎকার সম্পর্কিত

কোভিড -১৯ মহামারীর কারণে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আমরা অনলাইনের মাধ্যমে জুম টেলিহেলথ এবং অনলাইন প্রশ্নাবলীর সাহায্যে সাক্ষাৎকার পরিচালনা করতে পারি। আপনি চাইলে মুখোমুখি সাক্ষাৎকার এর বিকল্প হিসেবে জ্যুম এর মাধ্যমে অনলাইন সাক্ষাৎকারও বেছে নিতে পারেন।

জুম অনলাইন ভিডিও কনফারেন্স কলের একটি প্ল্যাটফর্ম। এটি সম্পূর্ণ ফ্রি এবং আমরা আপনাকে যে ইমেল করব সেই লিঙ্কটিতে ক্লিক করে আপনি জুমে সংযুক্ত হতে পারবেন। জুম্ ব্যবহারের মাধ্যমে আমরা একে অপরকে দেখার জন্য আপনার ওয়াইফাই বা ডাটাসহ একটা ক্যামেরাযুক্ত কম্পিউটার প্রয়োজন হবে। ওটাগো বিশ্ববিদ্যালয় তার যাবতীয় নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে নিজস্ব জুম্ প্যাকেজ নিয়ন্ত্রণের ব্যবস্থা করে।

জুমে আপনার সাক্ষাৎকার চলার সময় একজন মুসলিম গবেষণা সহকারী এবং নার্স উপস্থিত থাকবেন যারা আপনাকে কী করতে হবে তা ব্যাখ্যা করবেন এবং আপনার যে কোনও প্রশ্নের উত্তর দিতে সাহায্য করবেন।

এটি খুব গুরুত্বপূর্ণ যে আপনার সাক্ষাৎকারটি এমন কোনও ব্যক্তিগত জায়গায় হওয়া দরকার যেখানে আপনি অন্যদের দ্বারা বাধাগ্রস্থ হবেন না বা কেউ আপনাকে কান পেতে শুনবে না (বিশেষত শিশুরা)। সাক্ষাৎকার চলাকালীন যদি আপনি কোনও সমস্যার মুখোমুখি হন তবে আপনার সাহায্যের প্রয়োজনে আমরা এমন একজনের তথ্য জানতে চাই যার সাথে আমরা যোগাযোগ করতে পারবো।

একটি সুরক্ষিত অনলাইন সমীক্ষা প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রশ্নাবলীর উত্তর সংগ্রহ করা হবে এবং একটি অ-শনাক্তযোগ্য বিন্যাসে সংরক্ষণ করা হবে।

আমরা কোনও জুম সেশন রেকর্ড করব না এবং অনুরোধ করব যাতে আপনিও তা না করেন। আপনি যদি জুম টেলিহেলথ সম্পর্কে আরো কিছু জানতে চান, অনুগ্রহ করে পৃথক নির্দেশিকাটি দেখুন।

## এই প্রকল্পের সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকিগুলি কী কী?

### প্রকল্পে অংশগ্রহণের সম্ভাব্য সুবিধাগুলি কী কী?

আমরা আশাবাদী যে, যারা ১৫ই মার্চের সন্ত্রাসী হামলার পর নিজেদের খাপ খাইয়ে নিয়েছে

তাদের সবার ব্যাপারে একটি বৃহৎ পরিসরে ধারনা অর্জন করতে পারবো। যেহেতু সবার প্রতিক্রিয়ায় ভিন্নতা থাকবে, সেহুতু সবাইকে আমরা একই প্রশ্নগুলো করবো যাতে তারা সংশ্লিষ্ট কি ধরণের সহায়তা পেয়েছে তা জানার জন্য এবং আর কি কি ধরণের সহায়তা প্রয়োজন হতে পারে।

সাক্ষাৎকার গ্রহণের মধ্যে দিয়ে যদি এমন কোনো ক্ষেত্র চিহ্নিত করা যায় যে যেখানে আপনার আরও সহায়তার প্রয়োজন হতে পারে তবে আমরা আপনার সাথে সম্ভব্য সুপারিশ ক্ষেত্রসমূহগুলো নিয়ে আলোচনা করবো। এই ক্ষেত্রসমূহগুলো হতে পারে সম্প্রদায়ের দ্বারা সমর্থন, যথাযথ কার্যকর ব্যবস্থার সংস্করণ, আপনার জিপির দ্বারা অথবা মানসিক বিশেষজ্ঞ দ্বারা পরামর্শ।

এই গবেষণা দলের প্রাপ্ত অভিজ্ঞতা মুসলিম জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্সেবা এবং সাংস্কৃতিক সক্ষমতা অনুধাবনে একটি সোপান তৈরী করতে সহায়তা করবে। এই গবেষণার উচ্চ দৃষ্টিভঙ্গি এবং আগ্রহ আমাদেরকে মুসলিম সম্প্রদায়ের সম্ভাব্য সমস্যাগুলো নিরূপণে এবং ঘটনার প্রতিক্রিয়ায় স্থানীয় মুসলিম সম্প্রদায়ের এবং দেশ হিসেবে নিউজিল্যান্ডের প্রশংসিত ইতিবাচক দিকগুলোতে আলোকপাত করতে সাহায্য করবে। আমরা আরো আশাবাদী যে, এই গবেষণার তথ্যাবলী নিউজিল্যান্ড বা বিদেশে অনুরূপ পরিস্থিতি মোকাবেলা করার ক্ষেত্রে পরিকল্পনা এবং পুনরুদ্ধার প্রক্রিয়াতে সহায়ক হবে।

### প্রকল্পে অংশগ্রহণের সম্ভাব্য ঝুঁকিগুলি কী কী?

আমরা অনুধাবন করি যে, এই গবেষণায় আলোচিত কিছু কিছু বিষয় কারো জন্য সম্ভব্য বিষন্নতার কারণ হতে পারে। যদি আপনি এই বিষয়গুলোর জন্য বিষন্ন হন, তাহলে উপস্থিত মানসিক বিশেষজ্ঞ নার্স উপযুক্ত সহায়তা এবং ক্লিনিকাল সেবা প্রদান করবেন। যদি কোনো মানসিক স্বাস্থ্য সমস্যা বা ঝুঁকি নিরূপিত হয় তাহলে উপযুক্ত চিকিৎসা সেবা প্রাপ্তির জন্য আপনাকে একটি প্রত্যয়ন পত্র দেয়া হবে। যদি আপনি বা আপনার পরিবার মনে করেন যে এই প্রক্রিয়াটি বিষন্নতা সৃষ্টি করতে পারে, তাহলে যেকোন সময় আপনি এই প্রকল্প থেকে নিজেকে প্রত্যাহার করতে পারবেন।

## এই প্রকল্পের জন্য অর্থায়ন কে করবে?

আপনার নিজের কোন খরচ নেই।

এই প্রকল্পে অংশগ্রহণে আপনার সময় এবং ভ্রমণের জন্য ধন্যবাদ স্বরূপ আপনাকে ৫০ ডলারের একটি ভাউচার দেয়া হবে।

## আপনার অধিকার গুলো কী?

### আমার কি অংশ নিতে হবে?

আপনি এই প্রকল্পে অংশগ্রহণ করবেন কিনা তা আপনার একান্তই নিজস্ব সিদ্ধান্ত। আপনি যদি অংশগ্রহণ করতে না চান তাহলে আপনার কোন কারণ বা ব্যাখ্যার প্রয়োজন নেই। আপনি যদি এখন অংশ নিতে চান কিন্তু পরে যদি আপনার মন পরিবর্তন হয়, তাহলে আপনি যে কোনো সময় এই গবেষণা থেকে সরে আস্তে পারেন। আপনি যদি কোন প্রশ্নের উত্তর দিতে না চান, তাহলে সেই প্রশ্নের উত্তর না দিলেও হবে এবং আপনি আপনার উত্তরগুলো পর্যালোচনা করা বা ত্রূটি সংশোধন করার অধিকার রাখেন।

আপনি এই প্রকল্পে অংশ নিতে চান কিনা তা এখনই সিদ্ধান্ত নেওয়ার দরকার নেই। আপনি সিদ্ধান্ত নেওয়ার আগে অন্য ব্যক্তিদের সাথে যেমন: পারিবারিক/ওয়ানাউ, বন্ধুবান্ধব বা স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের সাথে এই গবেষণার বিষয়ে কথা বলতে পারেন। আপনি নির্দ্বিধায় এটি করতে পারেন।

## এই প্রকল্পে আমার অংশগ্রহণ কি গোপনীয় রাখা হবে?

আপনার প্রদানকৃত সমস্ত তথ্য পরম আস্থার সাথে গোপন রাখা হবে। আমরা স্বীকার করি যে গোপনীয়তা রক্ষা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গবেষণা দলের গোপনীয়তা রক্ষা করার প্রশিক্ষণ নেয়া আছে এবং তারা এক বিবৃতির মাধ্যমে সাক্ষর করেছেন যে আপনার প্রদানকৃত কোনো তথ্য নিয়ে দলের বাইরের অন্য কারো সাথে আলোচনা করবে না।

মুসলিম সাক্ষাৎকার গ্রহণকারীদের যোগাযোগের ফোন নম্বরসমূহ ওয়েবসাইটে দেয়া আছে এবং আপনি চাইলে নিম্নলিখিত ওয়েবসাইট (otago.ac.nz/march) এ গিয়ে তাদের নাম এবং পরিচয় জানতে পারেন। এমন ও সম্ভাবনা রয়েছে যে ব্যক্তি আপনার সাক্ষাত্কার নিচ্ছেন তিনি আপনার সম্প্রদায়ের সদস্য হওয়ার কারণে তাকে আপনি চিনেও থাকতে পারেন। তবে তারা আপনার তথ্য গোপনীয় রাখবে এবং আপনার সম্প্রদায়ের অন্যান্য সদস্যদের সাথে সাক্ষাৎকারের বিষয়ে কথা বলবে না।

প্রকল্পের উপর ভিত্তি করে কোনও প্রতিবেদনে আপনার পরিচয় প্রকাশ করা হবেনা। পুরো প্রতিবেদনটি একটি গড় এবং বেনামে হবে যাতে করে কোনো ব্যাক্তিকে সনাক্ত করা না যায়।

আমরা আপনার সম্পর্কে প্রাপ্ত গবেষণা তথ্য ১০ বছরের জন্য ওটাগো বিশ্ববিদ্যালয়, ক্রাইস্টচার্চের সাইকোলজিকাল মেডিসিন বিভাগের একটি কম্পিউটারে সুরক্ষিতভাবে ধারণ করে রাখবো। গবেষণায় সরাসরি জড়িত কর্মীদের শুধু এই তথ্যে প্রবেশের অধিকার থাকবে। কিছু তথ্য ভবিষ্যতের গবেষণায় ব্যবহৃত হতে পারে, তবে কেবল গবেষকরাই এতে অনুপ্রবেশ করতে পারবে।

প্রকল্পের অংশ হিসেবে আপনার সম্পর্কে সংগৃহীত তথ্যে অনুপ্রবেশ করার অধিকার আপনার রয়েছে।

## গবেষণার পরে কি হবে বা আমি যদি আমার মন পরিবর্তন করি?

যদি আপনি এখন গবেষণায় অংশ নিতে চান এবং পরে আপনার মন পরিবর্তন হয়, সেক্ষেত্রে আপনি যে কোনও সময় অংশগ্রহণ থেকে সরে আসতে পারেন।

## প্রকল্পের ফলাফলের কী হবে?

আমরা ২০২০ সালের শেষের দিকে এই গবেষণার প্রথম পর্বের(এক বছর)সাক্ষাত্কার গ্রহণের কাজ শেষ করার পরিকল্পনা করছি, ইনশাল্লাহ। স্থানীয় মুসলিম সম্প্রদায়ের কাছে প্রকল্পের ফলাফল উপস্থাপন করা হবে। এই ফলাফল বিজ্ঞান বিষয়ক পঞ্জিকায় প্রকাশের জন্য জমা দেওয়া হবে এবং জাতীয় এবং আন্তর্জাতিক সম্মেলনে উপস্থাপন করা হবে। অংশগ্রহণকারীদের পরিচয় কোনো প্রকাশনায় বা সম্মেলনে উপস্থাপন করা হবে না।

## যদি আমার আরো কিছু জানার থাকে, তবে আমি আরও তথ্যের জন্য কার সাথে যোগাযোগ করব?

যদি প্রকল্পের কোনও পর্যায়ে আপনার কোনও প্রশ্ন, উদ্বেগ বা অভিযোগ থাকে, তবে গবেষকদল অত্যন্ত আনন্দের সহিত আপনার সাথে এটি আলোচনা করবে।

আপনি গবেষকদলের সাথে অফিস সময়-সূচির মধ্যে মধ্যে ফোন দ্বারা যোগাযোগ অথবা মোবাইল এ মেসেজের মাধ্যমে যোগাযোগ করতে পারবেন। সাক্ষাৎকার গ্রহণকারী সকলেই ইংরেজি বলতে পারেন।

টেলিফোন:

- ইংরেজি ০২১ ২৭৯ ০০৫৮
- আরবী ০২১ ২৭৯ ২০৮৯
- বাংলা ০২১ ২৭৯ ০৬৬০
- ফার্সি ০২১ ২৭৯ ১৬৮৮
- সোমালি ০২১ ২৭৯ ১৩০৭
- তার্কিশ ০২১ ২৭৯ ২০৫৮
- উর্দু/হিন্দি ০২১ ২৭৯ ০৪৫৯

ইমেইল: march15study@otago.ac.nz

যদি আপনি প্রকল্পের সাথে জড়িত না এমন কারও সাথে কথা বলতে চান, তবে আপনি নিম্নলিখিত একজন স্বকীয় স্বাস্থ্য ও প্রতিবন্ধী পরামর্শকের সাথে যোগাযোগ করতে পারেন:

ফোন: ০৮০০ ৫৫৫ ০৫০
ফ্যাক্স: ০৮০০ ২ সহায়তার জন্য (০৮০০ ২৭৮৭ ৭৬৭৮)
ইমেল: advocacy@advocacy.org.nz

মাওরি স্বাস্থ্য সহায়তার জন্য যোগাযোগ করুন:

**রেচেল দে-ব্রাউন**
টেলিফোন নাম্বার: ০৩ ৩৭২৬৭০০

আপনি স্বাস্থ্য ও প্রতিবন্ধী নৈতিকতা কমিটির (এইচডিইসি) সাথেও যোগাযোগ করতে পারেন যেটি এই প্রকল্পকে অনুমোদন দিয়েছে:

ফোন: ০৮০০ ৪ ETHICS
ইমেল: hdecs@moh.govt.nz

*জাজাকুম আল্লাহু খায়ের, ওয়া আসসালামু আলাইকুম*